আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ৬১৫ প্রকাশকালঃ২১-১২-২০২৫ ইং

রাগের মাথায় বলা একাধিক তালাকের বিধান

প্রশ্ন:

আমি বিবাহিত। আমার স্বামী দুই বছর ধরে বিদেশে আছেন। একবার তিনি ফোনে রাগের মাথায় একসঙ্গে তিনবার 'তালাক' বলে ফেলেন। পরে নিজের ভুল বুঝতে পারেন। ফলে আমরা আগের মতোই কথাবার্তা বলছি। এখন তিনি কিছুদিনের মধ্যে দেশে আসবেন। আমরা বুঝতে পারছি না–এই পরিস্থিতিতে আমাদের করণীয় কী? একজনের কাছে শুনেছি, এক মাসের মধ্যে যতবার তালাক বলা হোক, তা নাকি এক তালাক হিসেবে গণ্য হয়। বিষয়টি কি আসলেই এমন? যদি এমন না হয় তাহলে এখন আমাদের করণীয় কী?

-রিফা আক্তার

উত্তর:

আপনি যে কথাটি শুনেছেন, তা ঠিক নয়। আপনার বিবরণ অনুযায়ী আপনার উপর তিন তালাক পতিত হয়ে আপনাদের বিয়ে ভেঙ্গে গেছে এবং আপনারা পরস্পরের জন্য হারাম হয়ে গেছেন। এ অবস্থায় আপনাদের পুনরায়

সংসার করার সুযোগ নেই। হাঁ তিন তালাক দেয়ার পর থেকে আপনার ইদ্দত তথা তিন হায়েজ অতিবাহিত হওয়ার পর আপনি চাইলে অন্য কারো সঙ্গে বিয়ে বসতে পারবেন। সেই স্বামী যদি কখনো আপনাকে তালাক দেন কিংবা মৃত্যু বরন করেন, তখন আপনি চাইলে ইদ্দত পালনের পর পুনরায় আপনার প্রথম স্বামীর বিয়ে বন্ধনে আবদ্ধ হতে পারবেন। -সূরা বাকারা: ২৩০; সহীহ বুখারী: ২৬৩৯; ফাতহুল কাদীর: ৪/১৭৭ (দারুল ফিকর); রদ্দুল মুহতার: ৩/৪১০ (দারুল ফিকর)

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৯-০৬-১৪৪৭ হি.

২১-১২-২০২৫ ঈ.